গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
মহেশপুর, ঝিনাইদহ
*dss.moheshpur.jhenaidah.gov.bd*

নম্বর : ৪১.০১.৪৪৭১.০০০.০০০.০১৬.০০০১.২৬.২৯ তারিখ : ২৫/০৭/২০২৬ খ্রিঃ।

**বিষয়: ফ্যামিলি কার্ড শুমারি–২০২৬ বাস্তবায়নে স্বেচ্ছাসেবী তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার আবেদনের সময় বৃদ্ধিকরণ ও ব্যবহারিক মৌখিক পরীক্ষার সময়সূচী।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফ্যামিলি কার্ড শুমারি–২০২৬ কার্যক্রম স্বেচ্ছাসেবী তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণ আবেদনের তারিখ সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সমাজসেবা অধিদপ্তর, সামাজিক নিরাপত্তা অধিশাখা, ঢাকা নির্দেশনা মোতাবেক আগামী ২৮ জুলাই ২০২৬ খ্রিঃ দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত বৃদ্ধি করা হলো।

ওয়েব লিংক- (http//;dss.moheshpur.jhenaidah.gov.bd)

এতদসঙ্গে আগামী ২৬ জুলাই ২০২৬ খ্রিঃ তারিখে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণের পরীক্ষা স্থগিত করা হলো। এবং পরবর্তী ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা **আগামী ২৯ জুলাই ২০২৬ খ্রিঃ তারিখ রোজ বুধবার** নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী উপজেলা অডিটরিয়াম, মহেশপুর, ঝিনাইদহে অনুষ্ঠিত হবে।

| ক্রমিক | পৌরসভা/ইউনিয়নের নাম | সময় |
|---|---|---|
| ০১ | এসবিকে, ফতেপুর, পান্থপাড়া, স্বরুপপুর, মহেশপুর পৌরসভা | সকাল ০৯:০০ ঘটিকা থেকে ১১:০০ ঘটিকা পর্যন্ত। |
| ০২ | শ্যামকুড়, নেপা, কাজীরবেড়, বাঁশবাড়িয়া | বেলা ১১:০১ ঘটিকা থেকে ০১:০০ ঘটিকা পর্যন্ত। |
| ০৩ | যাদবপুর, নাটিমা, মান্দারবাড়ীয়, আজমপুর | দুপুর ০২:০০ ঘটিকা হতে ০৪:০০ ঘটিকা পর্যন্ত। |

25/07/26

(মোঃ মোস্তাফিজুর রহমান)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড-২০২৬ শুমারী বাস্তবায়নে সেচ্ছাসেবী নির্বাচন কমিটি
মহেশপুর, ঝিনাইদহ।

বিতরণ :

উপজেলা .............................. অফিসার, মহেশপুর, ঝিনাইদহ।

সদস্য, ফ্যামিলি কার্ড-২০২৬ শুমারী বাস্তবায়নে সেচ্ছাসেবী নির্বাচন কমিটি, মহেশপুর, ঝিনাইদহ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। মাননীয় সংসদ সদস্য, ঝিনাইদহ-৩, (মহেশপুর)।
০২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা।
০৩। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঝিনাইদহ।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর, ঝিনাইদহ।
০৬। সহকারী কমিশনার (ভূমি), মহেশপুর, ঝিনাইদহ।
০৭। অফিসার ইনচার্জ, মহেশপুর থানা, ঝিনাইদহ।
০৮। প্রশাসক, মহেশপুর পৌরসভা, ঝিনাইদহ।
০৯। সদস্য জনাব .......................... ফ্যামিলি কার্ড শুমারী-২০২৬ সেচ্ছাসেবী নির্বাচন কমিটি, মহেশপুর, ঝিনাইদহ।
১০। উপজেলা .................................... অফিসার, মহেশপুর, ঝিনাইদহ।
১১। চেয়ারম্যান.................... ইউনিয়ন পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ।
১২। জনাব ............................................., মহেশপুর, ঝিনাইদহ।
১৩। অফিস কপি।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
**সামাজিক নিরাপত্তা অধিশাখা**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০৮.১৮.০১১.২৬. ৬৪৫ তারিখ: ২৫ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: ফ্যামিলি কার্ড বাস্তবায়নের নিমিত্ত তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণ সময়সীমা পুনঃনির্ধারণ ও জরুরি নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদপ্তর পরিচালিত 'ফ্যামিলি কার্ড' বাস্তবায়নের লক্ষ্যে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিত করার নিমিত্ত আবেদন গ্রহণ ও পরীক্ষা অনুষ্ঠানের সময়সীমা দেশের কিছু কিছু এলাকায় প্রতিকূল পরিবেশ ও অনিবার্য পরিস্থিতির কারণে নির্ধারিত সময়ে সম্পন্ন করা সম্ভব হচ্ছে না মর্মে জানা গেছে।

এমতাবস্থায়, যোগ্য, দক্ষ ও সঠিক তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণ নিশ্চিতকরণের স্বার্থে কর্তৃপক্ষ কর্তৃক নিম্নরূপ জরুরি নির্দেশনা জারি করা হলো:

১. **আবেদনের সময়সীমা বৃদ্ধি:** তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার পদের জন্য আবেদনপত্র গ্রহণের সময়সীমা আগামী **২৮ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ বেলা ১২:০০ ঘটিকা** পর্যন্ত বৃদ্ধি করা হলো।

২. **তালিকা চূড়ান্তকরণ:** নতুন ও পুরাতন সকল আবেদন যাচাই-বাছাই, পরীক্ষা গ্রহণ ও মূল্যায়ন শেষে আগামী **৩০ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দের মধ্যে** চূড়ান্ত নির্বাচিত তালিকা বাধ্যতামূলকভাবে প্রকাশ করতে হবে।

৩. **চলমান পরীক্ষা সংক্রান্ত নির্দেশনা:** যে সকল স্থানে পরীক্ষা গ্রহণ প্রক্রিয়া বর্তমানে চলমান রয়েছে, সে সকল স্থানে পরীক্ষা প্রক্রিয়া অব্যাহত রাখা যাবে অথবা, স্থানীয় কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পরীক্ষা স্থগিত রেখে পরবর্তীতে নতুন আবেদনকারীদের সুবিধার্থে একসাথে পরীক্ষা নেওয়া যাবে।

৪. **আজ বা আগামীকাল (২৫ ও ২৬ জুলাই) নির্ধারিত পরীক্ষা:** যদি আজ (২৫ জুলাই) অথবা আগামীকাল (২৬ জুলাই) কোনো পরীক্ষা নির্ধারিত থাকে, তবে স্থানীয় পরিস্থিতি বিবেচনা করে পরীক্ষা স্থগিত বা চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া যাবে।

- **পরীক্ষা চলমান রাখলে:** নতুন আবেদনকারীদের জন্য পরবর্তীতে দ্বিতীয়বার (আলাদাভাবে) পরীক্ষা নিতে হবে।
- **একবারে পরীক্ষা নিতে চাইলে:** বর্তমান নির্ধারিত পরীক্ষা স্থগিত করতে হবে এবং নতুন-পুরাতন সকল আবেদনকারীদের একসাথে পরীক্ষা নিতে হবে।
- **সিদ্ধান্ত গ্রহণ:** এই বিষয়ে সংশ্লিষ্ট নিয়োগ কমিটির **সভাপতির সাথে আলোচনা ও পরামর্শ করে** চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

**৪. পরীক্ষা গ্রহণ পদ্ধতি: কোনো ধরনের লিখিত পরীক্ষা গ্রহণ করা যাবে না। নির্দেশিকায় বর্ণিত 'ফরম-০৩ ক' ও 'ফরম-০৩ খ' এর মানবন্টন অনুযায়ী প্রাকটিক্যাল, মৌখিক ও জিপিএ নম্বরের ভিত্তিতে পরীক্ষার ফলাফল নির্ধারণ করতে হবে।**

৫. **প্রশিক্ষণ ও পরবর্তী কার্যক্রম:** চূড়ান্ত তালিকা প্রকাশের পর প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রমের সময়সীমা যথাসময়ে পুনঃনির্ধারণপূর্বক সংশ্লিষ্টদের অবহিত করা হবে।

অতএব, বর্ণিত নির্দেশনাসমূহ প্রতিপালনপূর্বক ফ্যামিলি কার্ড বাস্তবায়ন কার্যক্রম সুচারুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কমিটির সভাপতি, সদস্য-সচিব ও সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

(শাহ্ মোহাম্মদ মাহবুব)
মহাপরিচালক
ফোন: ০২-৫৫০০৭০২৪০
ইমেইল: dg@dss.gov.bd

**পরিচালক**
**বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)**

CamScanner